অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুলের 11টি নতুন সনদপ্রাপ্ত জলবায়ু স্মার্ট কমিউনিটির ঘোষণা

স্থানীয় কর্মকাণ্ড নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের জাতীয়-নেতৃত্বের লক্ষ্যকে সমর্থন করে

সনদপ্রাপ্ত কমিউনিটিগুলো গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং স্থানীয় জলবায়ু সহিষ্ণুতা গড়ে তোলার মডেল

তিনটি স্মার্ট কমিউনিটিকে পুনরায় সনদ প্রদান করা হয়েছে; এরি কাউন্টি সিলভার-লেভেল সনদে উন্নীত হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ জলবায়ু পরিবর্তনের অর্থনৈতিক, সামাজিক, ও পরিবেশগত চ্যালেঞ্জসমূহ মোকাবেলার স্থানীয় প্রচেষ্টায় সহায়তাকারী নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচির অংশ হিসেবে সনদ অর্জন করা কমিউনিটির সর্বশেষ রাউন্ড ঘোষণা করেছেন। জলবায়ু পরিবর্তন প্রশমিত করা এবং এর সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে 11টি স্থানীয় সরকার প্রথম বারের মতো নেতৃস্থানীয় হিসেবে স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণ করেছে। সেইসাথে, ইতোমধ্যে কর্মসূচিতে থাকা তিনটি কমিউনিটি পুনরায় সনদ পেয়েছে এবং সর্বশেষ পর্যালোচনা রাউন্ডের সময় সার্টিফিকেশন পয়েন্টের সংখ্যা বৃদ্ধি করেছে। সবশেষে, এরি কাউন্টি সিলভার লেভেলে উন্নীত হয়েছে।

জলবায়ু সপ্তাহ 2021 চলাকালীন সময়ে আজ ঘোষণা করা এসব কর্মকাণ্ড, জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন, বা CLCPA-তে উল্লেখ করা রূপরেখা অনুযায়ী, 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যকে সমর্থন করে। এই ঘোষণাটি গ্লেনস ফল সিটিতে প্রদান করা হয়েছে, যা ব্রোঞ্জ-লেভেল জলবায়ু স্মার্ট সনদ অর্জন করেছে।

"আমাদের জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচি স্থানীয় সরকারগুলোকে আমাদের পরিবর্তনশীল জলবায়ুর কারণে তৈরি হওয়া চ্যালেঞ্জগুলো পূরণে সাহসী পদক্ষেপ গ্রহণের জন্য ক্ষমতায়ন করে, এবং নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন মাইলফলক অর্জনের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য পূরণে সাহায্য করতে কার্যকর পদক্ষেপ বাস্তবায়ন করায় এবং অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য অনুসরণ করার মতো দৃষ্টান্ত স্থাপন করায় আমি এসব কমিউনিটির প্রশংসা করি," **বলেছেন গভর্নর হোচুল।** "জলবায়ু স্মার্ট কমিউনিটির অঙ্গীকার গ্রহণকারী সর্বপ্রথম কমিউনিটি, নিউ ক্যাসল টাউনকে ব্রোঞ্জ-সনদপ্রাপ্ত স্ট্যাটাস অর্জন করায় এবং

আমাদেরকে আরো বেশি নির্মল ও সবুজ ভবিষ্যতের দিকে আরেক ধাপ এগিয়ে নেয়ায় আমি তাদেরকে বিশেষভাবে অভিনন্দন জানাতে চাই।"

নিউ ইয়র্কের নতুন সনদপ্রাপ্ত (এবং পুনরায় সনদপ্রাপ্ত) জলবায়ু স্মার্ট কমিউনিটির তালিকা নিম্নরূপ:

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট
আলবানি কাউন্টি (ব্রোঞ্জ)
গ্লেনস ফলস সিটি (ব্রোঞ্জ)
কুইন্সবেরি টাউন (ব্রোঞ্জ)

লং আইল্যান্ড
ইস্ট হ্যাম্পটন টাউন (পুনরায় ব্রোঞ্জ সনদপ্রাপ্ত)

মিড-হাডসন
আর্ডসলি ভিলেজ (ব্রোঞ্জ)
গার্ডিনার টাউন (ব্রোঞ্জ)
হ্যাস্টিং-অন-হাডসন ভিলেজ (পুনরায় সিলভার সনদপ্রাপ্ত)
নিউ ক্যাসল টাউন (ব্রোঞ্জ)
পোকেপসি সিটি (ব্রোঞ্জ)
পোকেপসি টাউন (ব্রোঞ্জ)
উডস্টক টাউন (পুনরায় ব্রোঞ্জ সনদপ্রাপ্ত)

নর্থ কাউন্টি
পটসড্যাম টাউন (ব্রোঞ্জ)
পটসড্যাম ভিলেজ (ব্রোঞ্জ)

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
এরি কাউন্টি (সিলভার)
গ্র্যান্ড আইল্যান্ড টাউন (ব্রোঞ্জ)

DEC কমিশনার ও ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি বাসিল সেগোস বলেন, "পূর্ব উপকূলে বিধ্বংসী ঘূর্ণিঝড় থেকে শুরু করে পশ্চিমের কমিউনিটিগুলোকে গ্রাস করে নেয়া ধ্বংসাত্মক দাবানল পর্যন্ত, জলবায়ুর পরিবর্তনসমূহ আমাদের পদক্ষেপ গ্রহণ করার দাবি রাখে। সরকারের সকল স্তরে অবদান আবশ্যক করে এমনভাবে সবার ভূমিকা রাখার মতো কর্মপদ্ধতি আমাদের প্রয়োজন। স্থানীয় পর্যায়ে পদক্ষেপ গ্রহণ করে জলবায়ু সংকট মোকাবেলায় সাহায্য করা এবং নিউ ইয়র্ক স্টেটের জাতীয় জলবায়ু নেতৃত্ব জোরদার করার জন্য আমি নতুন সনদপ্রাপ্ত এসব জলবায়ু স্মার্ট কমিউনিটির প্রশংসা করি।"

2009 সালে প্রতিষ্ঠিত হওয়া, আন্তসংস্থাভিত্তিক জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচি স্থানীয়

সরকারগুলোকে স্থানীয় পর্যায়ে জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। জলবায়ু স্মার্ট হওয়ার ক্ষেত্রে প্রথম পদক্ষেপ হলো নির্গমন কমানো এবং জলবায়ু পরিবর্তনের সাথে মানিয়ে নেয়ার অঙ্গীকার করে নিবন্ধন করা। এখন পর্যন্ত, 9.4 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীর প্রতিনিধিত্ব করা 345টি স্থানীয় সরকার জলবায়ু স্মার্ট কমিউনিটির অঙ্গীকার গ্রহণ করেছে।

জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণকারী কমিউনিটিগুলোর অর্জন নথিবদ্ধ করতে এবং উদযাপন করতে DEC 2014 সালে এই সার্টিফিকেশন কর্মসূচি চালু করে। এখন নিউ ইয়র্ক স্টেটে 81টি সনদপ্রাপ্ত জলবায়ু স্মার্ট কমিউনিটি রয়েছে। সনদ অর্জনের জন্য, একটি কমিউনিটিকে অবশ্যই একটি সক্রিয় জলবায়ু পরিবর্তন বিষয়ক টাস্ক ফোর্স প্রতিষ্ঠা করতে হবে যার মধ্যে অধিবাসী ও মিউনিসিপ্যাল প্রতিনিধিরা অন্তর্ভুক্ত থাকবেন। অধিকাংশ সনদপ্রাপ্ত কমিউনিটি স্থানীয় পর্যায়ে নির্গমন অনুমান করে এবং কিভাবে জলবায়ু আইন অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটের গ্রিনহাউজ গ্যাস কমানোর উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনে সবচেয়ে ভালোভাবে সাহায্য করা যায় স্থানীয় নেতৃবৃন্দকে তা শনাক্ত করতে সাহায্য করে এমন গ্রিনহাউজ গ্যাস ইনভেন্টরি সম্পন্ন করে। উদাহরণস্বরূপ, উডস্টক টাউন 2011 থেকে 2019 সালের মধ্যে এর সরকারি ফ্যাসিলিটিগুলোতে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 40 শতাংশ কমিয়ে এনেছে। আরো তথ্যের জন্য, অনলাইন সার্টিফিকেশন রিপোর্ট দেখুন যা সনদপ্রাপ্তির জন্য প্রত্যেক সনদপ্রাপ্ত কমিউনিটির গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করে।

আজ গভর্নর হোচুলের স্বীকৃতি দেয়া 15টি কমিউনিটি নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority, NYSERDA) নির্মল জ্বালানি কমিউনিটি (Clean Energy Communities) কর্মসূচিতেও অংশগ্রহণ করে, যা স্থানীয় সরকারগুলোকে নির্মল জ্বালানি সংক্রান্ত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করতে এবং জ্বালানি খরচ সাশ্রয় করতে সহায়তা করে থাকে। প্রকৃতপক্ষে, 15টির মধ্যে 12টি কমিউনিটি সনদপ্রাপ্ত জলবায়ু স্মার্ট কমিউনিটির সাথে সাথে নির্মল জ্বালানি কমিউনিটি হিসেবেও মনোনীত হয়েছে।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO এবং জলবায়ু কাউন্সিলের সহ-সভাপতি, ডোরিন এম. হ্যারিস বলেন, "নতুন সনদপ্রাপ্ত সকল জলবায়ু স্মার্ট কমিউনিটির পাশাপাশি নিজেদের কমিউনিটির সহিষ্ণুতা এবং তাদের অধিবাসীদের নিরাপত্তা নিশ্চিত করতে জলবায়ু পরিবর্তনের জন্য প্রস্তুত থাকাকে অগ্রাধিকার দেয়ার অঙ্গীকার রক্ষা করা অব্যাহত রেখেছে এমন সকল কমিউনিটিকে অভিনন্দন জানাই। এখানে নিউ ইয়র্কে, আমরা জলবায়ু পরিবর্তনের ফলে দেখা দেয়া বিপর্যয় ও ধ্বংস প্রত্যক্ষ করেছি এবং আজ স্বীকৃতি পাওয়া এই অর্জন আজকের ও আগামী দিনের প্রজন্মগুলোর জন্য অর্থপূর্ণ জলবায়ু ফলাফল পৌঁছে দিবে এমন নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানি দক্ষতা বিষয়ক প্রচেষ্টা এগিয়ে নেয়ার জন্য স্থানীয় পর্যায়ের অতি গুরুত্বপূর্ণ সহযোগিতা ও নেতৃত্বকে তুলে ধরে।"

গ্লেনস ফলস সিটির মেয়র ড্যান হল বলেন, "জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচি একটি কার্যকর প্রশাসনিক সরঞ্জাম যা কমিউনিটিগুলোকে পৃথিবীর উপর তাদের প্রভাব মূল্যায়ন করার সুযোগ করে দেয় এবং স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য তারা গ্রহণ করতে পারে এমন স্বতস্ফূর্ত পদক্ষেপসমূহ অফার করে। গ্লেনস ফলস সিটি পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে CSC কর্মসূচিকে ব্লুপ্রিন্ট হিসেবে ব্যবহার করে এর কার্বন ফুটপ্রিন্ট হ্রাস করা এবং পরিবর্তনশীল

জলবায়ুর প্রভাব মোকাবেলা ও প্রশমন করা উভয়ক্ষেত্রে প্রচেষ্টার জন্য স্বীকৃতি পেয়ে আনন্দিত ও সম্মানিত বোধ করছে।"

ওয়ারেন কাউন্টি বোর্ড অব সুপারভাইজার এর চেয়ারওম্যান, র‍্যাচেল সিবার বলেন, "কয়েক শতাব্দী সময় ধরে ওয়ারেন কাউন্টিতে পর্যটক ও বাসিন্দাদের আকৃষ্ট করে এসেছে এমন প্রাকৃতিক সম্পদগুলো রক্ষা করার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিষয় খুব কমই আছে। আমরা লেক জর্জ সহ আরো অসংখ্য পরিবেশগত সম্পদের ঠিকানা হয়ে আছি, এবং সেকারণেই ওয়ারেন কাউন্টি জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচির একটি সক্রিয় অংশগ্রহণকারী। আমাদের কমিউনিটিতে এই উদ্যোগ প্রচারের জন্য গভর্নর হোচুলের আগমনকে ওয়ারেন কাউন্টি স্বাগত জানায় এবং আমরা আমাদের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার এই সুযোগ সহ অন্যান্য সুযোগ কাজে লাগাতে তার প্রশাসনের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

NYSERDA নির্মল জ্বালানি কমিউনিটি কর্মসূচি

NYSERDA-এর শনাক্ত করা উচ্চ-প্রভাববিশিষ্ট কর্মকাণ্ডসমূহের মধ্যে কমপক্ষে চারটি সম্পন্ন করেছে এমন কমিউনিটিগুলো নির্মল জ্বালানি কমিউনিটি হিসেবে স্বীকৃত পেয়ে থাকে এবং নিম্ন কার্বন বিষয়ক কৌশলসমূহ বাস্তবায়নে সাহায্য করার জন্য তহবিল পাওয়ার যোগ্যতা অর্জন করে। তহবিল পাওয়ার সুযোগের মধ্যে রয়েছে NYStretch জ্বালানি কোড বাস্তবায়ন করা, এক বা একাধিক নির্মল জ্বালানি কমিউনিটি ক্যাম্পেইনের দায়িত্ব নেয়া, এবং নিউ ইয়র্ক স্টেটের কোনো সুবিধাবঞ্চিত কমিউনিটির সম্পৃক্ততা রয়েছে এমন অতিরিক্ত তহবিল অন্তর্ভুক্ত রয়েছে।

যোগ্য সিটি, টাউন, ভিলেজ, ও কাউন্টি সরকারগুলো 31 ডিসেম্বর, 2025 তারিখ পর্যন্ত অথবা তহবিল ফুরিয়ে যাওয়ার আগ পর্যন্ত অব্যাহতভাবে আবেদন করতে পারবে। তহবিলগুলো নির্মল জ্বালানি তহবিল এবং আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative) মাধ্যমে সরবরাহ করা হচ্ছে।

কমিউনিটিগুলোকে নির্মল জ্বালানি সংক্রান্ত লক্ষ্য উন্নয়ন ও অগ্রাধিকার দেয়া, সহজে ব্যবহারযোগ্য নির্দেশনামূলক ডকুমেন্ট ও কেস স্টাডি অ্যাক্সেস করা এবং লভ্য তহবিল ও প্রযুক্তিগত সহায়তার সুযোগ কাজে লাগানোর ক্ষেত্রে সাহায্য করতে কোনো ফি ছাড়াই নির্মল জ্বালানি কমিউনিটি সমন্বয়কারীদেরকে পাওয়া যাবে। নির্মল জ্বালানি কমিউনিটি সম্পর্কে আরো তথ্যের জন্য http://www.nyserda.ny.gov/cec ওয়েবসাইট দেখুন।

DEC জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল কর্মসূচি

আজ সনদপ্রাপ্ত কমিউনিটিগুলোর মধ্যে চারটি কমিউনিটি DEC জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল কর্মসূচির মাধ্যমে তহবিল পেয়েছে। 2016 সালে প্রতিষ্ঠিত এই 50/50 ম্যাচিং তহবিল কর্মসূচি মিউনিসিপ্যালিটিগুলোকে সনদপ্রাপ্তির পদক্ষেপসমূহ সম্পন্ন করতে এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো ও বিরূপ আবহাওয়ার প্রতি সহিষ্ণুতা গড়ে তোলে এমন প্রকল্প বাস্তবায়নে সহায়তা করে। উদাহরণস্বরূপ, এরি কাউন্টি মোট 680,000 ডলারের দুইটি জলবায়ু স্মার্ট তহবিল পেয়েছে।

আজ সনদপ্রাপ্ত কমিউনিটিগুলোর মধ্যে সাতটি কমিউনিটি আগের বছরগুলোতে DEC-এর মিউনিসিপ্যাল শূন্য-নির্গমন যানবাহন (Municipal Zero-Emission Vehicle, ZEV) কর্মসূচির অধীনে তহবিল পেয়েছে। এই ZEV কর্মসূচি জনসাধারণের ব্যবহারের জন্য বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন ইনস্টল করার জন্য তহবিল প্রদান করে এবং মিউনিসিপ্যাল বহরের জন্য বৈদ্যুতিক যানবাহন ক্রয় বা ভাড়া নেয়ার ক্ষেত্রে ছাড় প্রদান করে থাকে। উদাহরণস্বরূপ, হ্যাস্টিং-অন-হাডসন ভিলেজ ZEV কর্মসূচির অধীনে মোট 28,500 ডলারের তহবিল পেয়েছে।

এই তহবিল কর্মসূচিগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য DEC-এর ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা দেশের সবচেয়ে জোরালো জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা নিউ ইয়র্ক স্টেটকে COVID-19 মহামারি থেকে মুক্তি লাভ করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি করে এবং সবুজ অর্থনীতির উন্নতি অব্যাহত রাখে এমন পরিচ্ছন্ন শক্তির সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায়। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। এটি স্টেটজুড়ে বৃহৎ পরিসরের 91টি নবায়নযোগ্য প্রকল্পের জন্য 21 বিলিয়ন ডলারের বেশি, ভবনের নির্গমন কমানোর জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির পরিমাণ বৃদ্ধির জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY-এর গ্রিন ব্যাংক প্রতিশ্রুতির জন্য 1.2 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ সহ নির্মল জ্বালানির ব্যবহার বৃদ্ধির জন্য নিউ ইয়র্কের নজিরবিহীন বিনিয়োগের সাথে যোগ হচ্ছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। নিউইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং গ্রীনহাউস গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রা থেকে 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে দেবে, একই সাথে 40 শতাংশ পরিচ্ছন্ন শক্তিতে বিনিয়োগের সুবিধাগুলির মধ্যে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দিকে পরিচালিত করার লক্ষ্য নিশ্চিত করবে, এবং অন-সাইট শক্তি খরচকে অন্তিম-ব্যবহার শক্তি সাশ্রয়ের 185 ট্রিলিয়ন BTU হ্রাস করার দ্বারা শক্তির দক্ষতা সংক্রান্ত স্টেটের 2025 এর লক্ষ্যের দিকে অগ্রগতিকে আরও এগিয়ে নিয়ে যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন